

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।  
www.kkcp.gov.bd

স্মারক নং-৩২.০১.০০০০.০০৩.০২০.০২.২৫- ২৯৫৬

তারিখঃ ১২/০৪/২০২৬খ্রিঃ

বিষয়ঃ ২০২৫-২৬ অর্থবছরে এপ্রিল/২৬ হতে ক্লাবের নাস্তা বাবদ জনপ্রতি ২৪ (চব্বিশ) টাকা করে বরাদ্দ প্রদান।

সূত্র-বাজেট অনুবিভাগ (অর্থ বিভাগ)-এর স্মারক নং- ০৭.১০১.০২০.০০.০০৯.২০২২-৫৯৬; তারিখঃ ০৫ এপ্রিল, ২০২৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” শীর্ষক প্রকল্পের আওতায় বর্তমানে দেশব্যাপী ৪৮৮৩ টি ক্লাব চলমান রয়েছে। ক্লাবগুলোতে কিশোর-কিশোরীদের পুষ্টিচাহিদা বিবেচনায় জনপ্রতি ২৫/- (পঁচিশ) টাকা হারে নাস্তা বাবদ বরাদ্দ দেয়া হচ্ছে।


সূত্রস্থ পত্রে আপ্যায়ন খাতে (কোড-৩২১১১০৬) বরাদ্দ বর্তমানে অবশিষ্ট অর্থের ৫০% এর মধ্যে সীমিত রাখতে নির্দেশনা দেয়া হয়েছে। নির্দেশনার প্রেক্ষিতে এ খাতের ব্যয় পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনায় দেখা যায়, সূত্রস্থ পরিপত্র জারির তারিখ হতে আগামী জুন, ২০২৬ পর্যন্ত জনপ্রতি =২৪/- (চব্বিশ) টাকা হারে নাস্তা বাবদ বরাদ্দ দেয়া সম্ভব।

এমতাবস্থায়, পহেলা এপ্রিল, ২০২৬ হতে প্রতিটি ক্লাবে ৩০ জন কিশোর-কিশোরীর পুষ্টি চাহিদা পূরণের লক্ষ্যে সপ্তাহে ২ দিন জনপ্রতি ২৪ (চব্বিশ) টাকা হারে নাস্তা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

এখানে উল্লেখ্য যে, সূত্রস্থ পরিপত্র জারির পূর্বে অর্থাৎ ৩১শে মার্চ, ২০২৬ মাস পর্যন্ত জনপ্রতি নাস্তা বাবদ ২৫ (পঁচিশ) টাকা হারে বরাদ্দ উত্তোলন করবেন।

**বিতরণঃ**

- ১। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল জেলা)
- ২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল উপজেলা)

  
মোঃ আলিমগীর  
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)  
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
ফোন- ০২-৫৫১৩৮০১৭

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৫. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল)।
৬. সহকারী পরিচালক (ওয়েবসাইটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.....।
৮. ফিল্ড সুপারভাইজর (সকল)।
৯. অফিস কপি।